



বাণী



সভাপতি
বিপিডব্লিউএন

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত ধরে বাংলাদেশ আজ উন্নয়নের রোল মডেল। দেশের ১৬ কোটি জনগণের ৮ কোটি নারী। কৃষিখাত, বস্ত্রশিল্পখাত এবং বিভিন্ন সরকারী-বেসরকারী সংস্থায় নিয়োজিত রয়েছেন কয়েক কোটি নারী। সমাজের সকল নারীর নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশ বাহিনীতে নারীর অংশগ্রহণ আরও বাড়াতে হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাত ধরে বাংলাদেশ পুলিশে নারীর অংশগ্রহণ শুরু হলেও তা থমকে যায় পট পরিবর্তনে। বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯৯৯ সালে পিতার স্বপ্ন বাস্তবায়নে নতুন যাত্রা আরম্ভ করেন। তারই ধারাবাহিকতায় আজ ৭.১০% নারী পুলিশের অংশগ্রহণ, দেশ ও বিদেশে বাংলাদেশ পুলিশের জয়যাত্রা এগিয়ে চলছে। ২০০৮ সালে বাংলাদেশ উইমেন পুলিশ নেটওয়ার্ক (BPWN) এর শুভ সূচনার মাধ্যমে নারী পুলিশ জাগরণে নতুন মাত্রা যুক্ত হয়। ২০১৬ সালে আন্তর্জাতিক নারী দিবসকে কেন্দ্র করে 'বাংলাদেশ উইমেন পুলিশ অ্যাওয়ার্ড' প্রবর্তনের মাধ্যমে নারী পুলিশের সাফল্যের স্বীকৃতি প্রদানের অগ্রযাত্রায় একধাপ এগিয়ে যায়। নারীর ক্ষমতায়ন ও দেশের উন্নয়নে সফল অগ্রযাত্রার সাথে সংশ্লিষ্টসকলকে জানাই আন্তরিক ধন্যবাদ।

'বাংলাদেশ উইমেন পুলিশ অ্যাওয়ার্ড ২০১৯' প্রদান উপলক্ষে স্মরণ করছি সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। ১৯৭৪ সালে তিনিই প্রথম ১৪ জন নারী সদস্যকে বাংলাদেশ পুলিশে যোগদানের মাধ্যমে পুলিশ বিভাগে নারীর অংশগ্রহণের শুভ সূচনা করেন। আর্থ সামাজিক উন্নয়ন কর্মকাণ্ডে নারীকে সর্বক্ষেত্রে সম্পৃক্ত ও নারীর কর্মক্ষেত্রে বৃদ্ধিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্যোগকে শ্রদ্ধা জানাই। সদ্য প্রয়াত বাংলাদেশ নারী পুলিশের সর্বোচ্চ কর্মকর্তা এবং বিপিডব্লিউএন এর সহ সভাপতি, অতিরিক্ত আইজিপি রৌশন আরা বেগম, পিপিএম, এনডিসি এর আকস্মিক মৃত্যুতে গভীর শোক ও তাঁর আত্মার মাগফেরাত কামনা করছি।

বর্তমানে পুরুষের পাশাপাশি প্রায় ১৪ হাজার নারী পুলিশ সদস্য আইন-শৃঙ্খলা ও ট্রাফিক নিয়ন্ত্রনে সাফল্যের সাথে কাজ করে যাচ্ছেন। আন্তর্জাতিক অঙ্গনেও বাংলাদেশ নারী পুলিশ সদস্যরা তাদের দক্ষতার সাক্ষর রেখে চলেছেন। যে কারণে জাতিসংঘ শান্তিরক্ষী মিশনে ব্যাপক প্রশংসিত হচ্ছে বাংলাদেশ নারী পুলিশ সদস্যরা। বিপিডব্লিউএন নারী পুলিশের দক্ষতা বৃদ্ধি, সঠিক দায়িত্ব পালনের সক্ষমতা, দায়িত্বের পাশাপাশি নেতৃত্বের বিকাশ, মানবিক কাজে উদ্বুদ্ধ করতে নিয়মিত বিভিন্ন প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন করছে। যার সুফল ইতোমধ্যে নারী পুলিশ সদস্যদের মাঝে প্রতিফলিত হচ্ছে। বিভিন্ন অপারেশনাল কাজে নারী পুলিশের সাফল্য এখন দৃশ্যমান। জাতির পিতার স্বপ্ন সোনার বাংলা গড়তে জননেত্রী শেখ হাসিনার রূপকল্প- ২০২১ ও ২০৪১ এর সফল বাস্তবায়নে নারী পুলিশ তার কর্ম দক্ষতার সবটুকু প্রয়োগ করবে এ অঙ্গীকার আমাদের।

'বাংলাদেশ উইমেন পুলিশ নেটওয়ার্ক' এর পক্ষ থেকে 'বাংলাদেশ উইমেন পুলিশ অ্যাওয়ার্ড ২০১৯' পদক প্রাপ্ত নারী পুলিশ সদস্যদেরকে আন্তরিক অভিনন্দন এবং শুভেচ্ছা। কৃতজ্ঞতা জানাই তাদেরকে, যারা পদক প্রদান অনুষ্ঠানের আয়োজন সফল করতে শত ব্যস্ততা উপেক্ষা করে নিরলসভাবে কাজ করেছেন।

বাংলাদেশ চিরজীবী হোক।

আমেনা বেগম, বিপিএম